

publish
publish on
website
mo (11/17)

AD (ICE)
11/17
11/17

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
(www.dam.gov.bd)

নথি নং- ১২.০২.০০০০.০১৬.০৬.০০৪.১২-২২৩

তারিখঃ ০৬/১২/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের নভেম্বর, ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে কৃষি বিপণন অধিদপ্তর, সদর দপ্তরে অনুষ্ঠিত নভেম্বর, ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নির্দেশক্রমে নিম্নরূপ কার্য ব্যবস্থার অনুরোধসহ এতদসঙ্গে প্রেরণ করা হলো।

১. কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ১৪ ডিসেম্বর, ২০১৭ তারিখের মধ্যে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করবেন; যাতে পরবর্তী সমন্বয় সভার কার্যপত্রে সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উল্লেখ করা যায়।
২. ডিসেম্বর, ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যপত্রে অন্তর্ভুক্তির জন্য বিশেষ কোন আলোচ্য সূচীর প্রস্তাব থাকলে সংশ্লিষ্ট সকলকে তা আগামী ১৪ ডিসেম্বর, ২০১৭ তারিখের মধ্যে আরইটিসি শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

মোঃ মজিবুর রহমান
(মোঃ মজিবুর রহমান)
সহকারী পরিচালক
ফোনঃ ৯১১০২৬০।

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

অন্যব মোঃ জিয়াবুর রহমান
মোঃ মজিবুর রহমান
আইসিটি শাখা

পণ্যের গ্রেডিং মূল্য বৃদ্ধি ও বিপণনে সহায়ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

কৃষি বিপণন অধিদপ্তরের নভেম্বর, ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ মাহবুব আহমেদ
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।
তারিখ : ২৭ নভেম্বর, ২০১৭ খ্রিঃ।
সময় : বেলা ১১:০০ ঘটিকা।
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-‘ক’-তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা
১.	গত ৩০/১০/২০১৭ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।	গত ৩০/১০/২০১৭ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় নিশ্চিতকরণের প্রস্তাব করা হয়। সিদ্ধান্ত-১: ৩০/১০/২০১৭ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।	প্রশিক্ষণ ও সমন্বয় শাখা।
২.	বাজার দর পর্যালোচনাঃ ঢাকা শহরে পিয়াজ (দেশী ও আমদানীকৃত) এবং আলু (হল্যান্ড সাধা)-এর দাম বৃদ্ধি পেয়েছে। ০৭টি বিভাগে পিয়াজ (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত), মিষ্টি কুমড়া ও আলু (হল্যান্ড সাধা)-এর দাম বৃদ্ধি পেয়েছে।	বাজার মূল্য পরিস্থিতি পর্যালোচনাকালে উপ-পরিচালক (বাজার সংযোগ) সভায় ঢাকা মহানগরীর এবং ঢাকা মহানগরীর সাথে ০৭টি বিভাগের তুলনামূলক ০২টি প্রতিবেদন উপস্থাপন করেন (পরিশিষ্ট-‘খ’।)। সিদ্ধান্ত-১: যেসকল পণ্যের দাম বৃদ্ধি পেয়েছে বিশেষ করে পিয়াজ (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত) এবং মিষ্টি কুমড়াসহ সকল কৃষি পণ্যের দাম সহনীয় রাখার লক্ষ্যে মনিটরিং জোরদারকরণ পূর্বক জেলা ও বিভাগীয় পর্যায়ে কার্যকরী বাজার সংযোগ স্থাপন এবং তদারকি বৃদ্ধি করতে হবে। সিদ্ধান্ত-২: আলুর দাম সহনীয় পর্যায়ে রাখা ও সংরক্ষিত আলু বিক্রয়ের ক্ষেত্রে কৃষক/ব্যবসায়ীদের সহযোগিতার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপ-পরিচালক (বাজার সংযোগ) বিভাগীয় উপ-পরিচালক (সকল) ডিএমও/ডিএমআই (সকল)
৩.	বাজার তথ্য ও পরিসংখ্যান শাখাঃ জেনা হতে যৌক্তিক মূল্যের প্রাপ্ত প্রতিবেদন ০৫টি, পাওয়া যায়নি ০৯টি। যৌক্তিক মূল্য বাস্তবায়ন সত্তোষজনক।	সিদ্ধান্ত-১: যৌক্তিকমূল্য সংক্রান্ত তথ্যাদি প্রতিদিন অনলাইনে কম্‌জুমার এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (CAB)-কে সরবরাহ করতে হবে এবং যৌক্তিকমূল্য বাস্তবায়ন অগ্রগতি ও যৌক্তিকমূল্য বিক্রিত পণ্যের নামসহ প্রতিবেদন প্রস্তুত পূর্বক কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব-সাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে। সিদ্ধান্ত-২: যৌক্তিকমূল্য সংক্রান্ত তথ্য ঢাকা মহানগরীর বাজার সমিতির সভাপতি বরাবর প্রতিদিন মোবাইল পুশ পদ্ধতিতে প্রেরণ নিশ্চিত করতে হবে।	উপ-পরিচালক (বাজার সংযোগ) বিভাগীয় উপ-পরিচালক (সকল) ডিএমও/ডিএমআই (সকল)

পণ্যের প্রাইডিং মূল্য বৃদ্ধি ও বিপণনে সহায়ক

